উপজেলা পরিষদ, গৌরনদী ৩১ আগস্ট/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : প্রশাসক
উপজেলা পরিষদ
গৌরনদী, বরিশাল।

তারিখ ও সময় : ৩১ আগস্ট, ২০২৫, বেলা : ১০:৩০ টা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-"পরিশিষ্ট-ক"

সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার ইউ,পি চেয়ারম্যান ও কর্মকর্তাবৃন্দকে তাদের সততা, নিষ্ঠা, দক্ষতা, ধৈর্য্য ও আন্তরিকতার সাথে সকল কাজ সম্পাদন করে জনগণের আস্থা অর্জনের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। এছাড়া তিনি কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সার ও বিদ্যুৎ সরবরাহ যেন সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় তার ওপর গুরুত্বারোপ করেন। তারপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিভাগীয় কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি:- ০১ : গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :

১.১ উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রমিক | দপ্তর/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০১ | স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গৌরনদী উপজেলাধীন নতুল গ্রামীন সড়ক আইডিভুক্ত (গেজেট অন্তভুক্ত) এর লক্ষে সংযুক্ত তালিকার সড়ক সমূহ করা হলো। | গৌরনদী উপজেলাধীন নতুন গ্রামীন সড়ক আইডিভুক্ত তালিকার সড়ক সমূহ রেজুলেশনে অন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী, গৌরনদী, বরিশাল। |
| ২.০২ | উপজেলা কৃষি অধিদপ্তর | (১) আমন আবাদ পরিস্থিতি: অত্র উপজেলায় আমন আবাদ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আমরা প্রনোদনা ও অন্যান্য কার্যক্রমের মাধ্যমে আমন আবাদ হওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারন হয়েছে ৬৯০০ হেক্টর যার মধ্যে উফশী ৪২০০ হেক্টর ও স্থানীয় ২৭০০ হেক্টর। লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলায় উফশী ৩৮০০ হেক্টর এবং স্থানীয় ২৫০০ হেক্টর আবাদ হয়েছে ও আবাদ কার্যক্রম চলমান আছে। (২) সার্বিক সার ব্যবস্থাপনা:- চলতি আগস্ট/২০২৫ মাসে উপজেলায় ইউরিয়া ২৬৫ মে:টন, টিএসপি-১২৯.৪০ মে:টন, এমওপি-৫৩.৭০ মে:টন ও ডিএপি- ২৬৯.৯০ মে:টন সার বরাদ্দ পাওয়া গেছে যা সকল ডিলারগণ নিজ নিজ বরাদ্দ উত্তোলন করে সাব ডিলারগণদের ও সাব ডিলারগণ কৃষকদের মাঝে সরকারি ভর্তুকি মূল্যে বিক্রয় করছেন।<br>৩। আউশ আবাদ পরিস্থিতি:- অত্র উপজেলায় আউশ আবাদ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আমরা প্রনোদনা ও অন্যান্য কার্যক্রমের মাধ্যমে আউশ আবাদ হয়েছে ২১০ হেক্টর। যা বর্তমানে মাঠে বিভিন্ন ইউনিয়নে দন্ডায়মান আছে। এই বছর বৃষ্টিপাত, খরা ও অন্যান্য প্রাকৃতিক কারণে কিছু আউশ বীজতলা ক্ষতিগ্রস্থ হলেও আউশ আবাদে কোন প্রভাব পরার সম্ভাবনা নেই। | কৃষকদের মাঝে বিতরণকৃত সার এবং বীজ যথাযথভাবে বিতরণ এবং বিতরণকৃত সার ও বীজ যথাযথভাবে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে কিনা তা মাঝে মাঝে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার গৌরনদী বরিশাল। |
| ২.০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতাল | পবিত্র ঈদ-উল-আযহা/২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৌরনদী উপজেলায় ১২১৬৯টি পশু জবাই করা হয়েছে। এর মধ্যে ষাঁড় ৮২৭৫টি, গাভী ৬৬৫টি ও ছাগল/ভেড়া ৩২২৯টি। গবাদিপশুর স্বাস্থ্য পরীক্ষা, গবাদিপশুর স্বাস্থ্য সনদ প্রদান, গবাদিপশুর ওজন নির্ণয়, গবাদিপশুর তাৎক্ষনিক জরুরি চিকিৎসা সেবা প্রদান এবং | দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতাল, গৌরনদী, বরিশাল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গাভীর গর্ভাবস্থা নির্ণয়ের জন্য কসবা, মাহিলাড়া, সরিকল এবং হোসনাবাদ পশুর হাটে ভেটেরিনারি মেডিকেল টিম পরিচালনা করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পশুর চামড়া যাহাতে নষ্ট না হয় সেজন্য পশুর চামড়া সংরক্ষণের জন্য উপজেলা প্রশাসনের সাথে দায়িত্ব পালন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপজেলার বিভিন্ন ইউনিয়নে গবাদিপশুর ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ২.০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, পরিবার পরিকল্পনা কার্যক্রম এর কাঙ্খিত লক্ষ্য অর্জিত হয়েছে। উপজেলায় মোট ৩৮,৪৮৭ জন সক্ষম দম্পতির মধ্যে ২৯,৭৭৪ জন পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ করছে। আগস্ট মাসে উপজেলায় মাতৃমৃত্যু শূন্য, শিশু মৃত্যুর সংখ্যা ২ জন। বিভিন্ন FWC ও সেবাকেন্দ্র হতে ২,৭৫৩ জন সাধারণ রোগী ও ৪,৫৩৩ জন শিশুকে সেবা প্রদান করা হয়েছে। FWC তে ১৭ জনকে প্রসব সেবা এবং বাড়িতে ১৯ জনকে প্রসব সেবা দেয়া হয়েছে। পাশাপাশি টিকাদান কার্যক্রমে দপ্তর অংশগ্রহণ করছে। সামনের মাস থেকে নিয়মিত EPI কার্যক্রমের পাশাপাশি হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (HIV) এর টিকাদান কার্যক্রম শুরু হতে যাচ্ছে। | বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়ে যাওয়ায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার সকল কর্মকর্তা ও কর্মচারীদের সর্বদা অগ্রাধিকার ভিত্তিতে ডেঙ্গুর চিকিৎসা দেওয়ার জন্য বলা নির্দেশ প্রদান করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গৌরনদী, বরিশাল। |
| ২.০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো জানান যে, বাড়ীতে বাড়ীতে গিয়ে পরিবার পরিকল্পনা পদ্ধতির কার্যক্রমসহ তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবার পরিকল্পনা কার্যক্রম শতভাগ বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গৌরনদী, বরিশাল। |
| ২.০৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ৮৪টি গভীর নলকূপ বরাদ্ধ ছিল যা ইতিপূর্বে সরকারের পরিপত্রের নিয়ম মেনে স্থান নির্বাচন করা হয়েছে এবং বাস্তবায়ানীধ রয়েছে। এছাড়া PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে মোট ৭৭টি ওয়াস ব্লক এবং ৪৫টি টিএসপি এর চলমান রয়েছে। | সরকারের পরিপত্রের নির্দেশনা মোতাবেক গভীর নলকূপ স্থাপন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ কর্মক গৌরনদী বরিশাল। |
| ২.০৭ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) অধিদপ্তর | গৌরনদী উপজেলার বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে কার্যক্রমের অগ্রগতির তথ্যঃ মোট ঋণ বিতরণ = ২৭৪.১২ লক্ষ টাকা এবং মোট ঋণ আদায় = ২৪৬.৯৫ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৭১%। কিশোরী সংঘের কিশোরী সদস্যদের প্রশিক্ষণ ১,০০০ জন সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ ২৩০ জন। | ঋণ বিতরণকৃতদের তালিকা প্রস্তুত করে যথা সময়ে ঋণ আদায় করার জন্য ঋণ গ্রহীতাদের বাড়ি বাড়ি গিয়ে তাগিদ প্রদান করে ঋণ আদায় করতে হবে। | পল্লী উন্নয়ন কর্মকর্তা, গৌরনদী, বরিশাল। |
| ২.০৮ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তর | (১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, ৪০ দিনের প্রকল্পের তালিকা শুধু নলচিড়া ইউনিয়ন বাদে বাকী সবগুলো ইউনিয়ন পরিষদ জমা দিয়েছে। নলচিড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে দ্রুতি তালিকা প্রদান করতে অনুরোধ করা হয়। | (১) ৪০ দিনের প্রকল্পের তালিকা অতি দ্রুত প্রদানের সকল চেয়ারম্যানদের প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গৌরনদী, বরিশাল। |
| ২.০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গত ০৫/০৫/২০২৫ খ্রি: তারিখে ১ম প্রান্তিক মূল্যায়নে (৩য়-৫ম) এর সাথে পরবর্তীতে ১ম ও ২য় শ্রেণীর মূল্যায়ন ও সংযুক্ত করার নির্দেশনা পেয়ে আমরা ১ম-৫ম শ্রেণির মূল্যায়ন সম্পন্ন করেছি। এই পরীক্ষা চালু হওয়ায় শিক্ষক অভিভাবক সকলেই আনন্দিত। অভিভাবক সমাবেশের মাধ্যমে ফলাফল ঘোষণা করা হয়েছে। বিদ্যালয় ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ায় এডহক কমিটির মাধ্যমে কাজ করা হচ্ছে। উন্নয়নমূলক কাজ সম্পাদনের জন্য শিক্ষা কমিটির মিটিং এর প্রয়োজন রয়েছে। কমিটি গঠণ করা আবশ্যক। এছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সকল শিক্ষককে যত্নসহকারে ছাত্র - ছাত্রীদের পড়াতে হবে এবং পাশাপাশি ছাত্র-ছাত্রীরা যাতে সকল খেলাধূলায় অংশ গ্রহণ করেন সেদিকে যত্নবান হতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গৌরনদী, বরিশাল। |

<table>
<tr><td>২.১০</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর</td><td>(১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ আঃ জলিল সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে বিভিন্ন প্রকল্পের কর্মসূচী বাস্তবায়ন হচ্ছে। উপবৃত্তির প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের দরিদ্র ছাত্র/ছাত্রীদের আবেদনের মেয়াদ ০২/২০৬/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক।</td><td>দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে নির্দেশনা প্রদান করা হলো।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গৌরনদী, বরিশাল।</td></tr>
<tr><td>২.১১</td><td>উপজেলা সমবায় দপ্তর</td><td>১। উপজেলা সমবায় অফিসার জনাবা আফসানা শাথী সভায় জানান যে, সমিতির সদস্যদের নাম নিবন্ধন করা।<br>২। সমিতি পরিদর্শন ও অডিট করা।<br>৩। ০২টা প্রকল্প নেওয়া হয়েছে। (ক) দুগ্ধ প্রকল্পের আওতায় খাঞ্জাপুর ইউনিয়নে নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ দুগ্ধ প্রকল্প এবং (খ) বাটাজোর ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>৪। হোসনাবাদ আদর্শ গ্রাম সমবায় সমিতি লিঃ প্রকল্প।<br>৫। আশ্রয়ণ প্রকল্প।</td><td>যে সমস্ত সমবায় সদস্যদের ঋণ দেয়া হয়েছে তাদেরকে সঠিকভাবে তদারকি করে যথাসময়ে ঋণের টাকা আদায় করতে হবে এবং বড় কসবা আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলো মেরামত/সংস্কার করার জন্য প্রয়োজনমত সহযোগিতা করা হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্ত এবং উপজেলা প্রকৌশ গৌরনদী, বরিশাল।</td></tr>
<tr><td>২.১২</td><td>উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি-২</td><td>বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ গৌরনদী জোনাল অফিসের পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান যে বিভিন্ন অফিসের বকেয়া বিদ্যুৎ বিল জুন/২০২৫ মাসের মধ্যে পরিশোধের অনুরোধ করা হলো।</td><td>বর্তমানে কড় মৌসুমে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে তা সাথে সাথে সংযোগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা গৌরনদী, বরিশাল।</td></tr>
<tr><td>২.১৩</td><td>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন</td><td>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা জনাব মোঃ ফারুক হোসেন সভায় জানান যে, আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে। চলতী অর্থ বছরে ১,২০,০০,০০০/- (ষাট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৭%। তবে বিপুল পরিমান ঋণের টাকা খেলাপী অবস্থায় মাঠে অনাদায়ী আছে। খেলাপী আদায়ের তৎপরতা অব্যাহত আছে। তবে খেলাপী আদায়ের জন্য ইউএনও স্যারের সহযোগীতা প্রয়োজন হতে পারে।</td><td>ঋণ বিতরণকৃতদের তালিকা প্রস্তুত করে যথাসময়ে ঋণ আদায় করার জন্য ঋণ গ্রহীতাদের বাড়ি বাড়ি গিয়ে তাগিদ প্রদান করে ঋণ আদায় করতে হবে।</td><td>পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, গৌরনদী, বরিশাল।</td></tr>
<tr><td>২.১৪</td><td>উপজেলা মৎস্য অধিদপ্তর</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব প্রসেনজিৎ দেবনাথ সভায় জানান যে, খামার ব্যবস্থাপকের কার্যালয়, মৎস্য বীজ উৎপাদন খামার, গৌরনদী, বরিশাল এর ব্যবস্থাপনা সমূহ অত্যন্ত পুরাতন, ব্যবহার অনুপযোগী ও ঝুকিপূর্ণ হওয়ায় পরিত্যক্ত (কনডেমড) ঘোষনা করণ ও নিস্পত্তি করা প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলা প্রকৌশলীর কার্যালয়, গৌরনদী, বরিশাল কর্তৃক বিগত ২৫/০৮/২০২৫ তারিখে প্রাক্কলন প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয় যার সারমর্ম নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>স্থাপনার বিবরণ</th><th>আয়তন/দৈর্ঘ্য</th><th>প্রকৃত নিলাম মূল্য</th></tr>
<tr><td>০১.</td><td>খামার ব্যবস্থা-পকের অফিস কাম ডরমেটরি</td><td>১০১৪ ব:ফুট</td><td>১৫০৮৬০/-</td></tr>
<tr><td>০২.</td><td>গার্ড শেড</td><td>১০২০ ব:ফুট</td><td>৯৬,০০০/-</td></tr>
<tr><td>০৩.</td><td>সীমানা প্রাচীর</td><td>২৫৬০ ব:ফুট</td><td>৩০৫০০০/-</td></tr>
<tr><td>০৪.</td><td>ট্রেনিং সেন্টার</td><td>৭০৫ ব:ফুট</td><td>১৩৭২৮০</td></tr>
</table></td><td>প্রাক্কলনটি সভায় উপস্থাপন করা হয় ও সকলের জ্ঞাতার্থে সভায় পাঠ করা হয় এবং কনডেমড/ পরিত্যক্ত ঘোষনাকরন ও নিস্পত্তির লক্ষ্যে জেলা কনডেমড কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মক গৌরনদী, বরিশাল।</td></tr>
<tr><td>২.১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব বিভাষ কুমার দাস সভায় জানান যে, তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী চলছে। খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সকলের সহযোগিতা কামনা করছি। তিনি আরও জানান যে, তার দপ্তরের বাথরুম ভাঙ্গা এবং ব্যবহারের অনুপযোগী। এটি মেরামতের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। এছাড়া</td><td>দপ্তরের কর্মকর্তা এবং সকল কর্মচারীদের যথা সময়ে অফিসে উপস্থিত হওয়া এবং বিতরনকৃত ঋণ যথাসময় আদায়ের ব্যাপারে প্রত্যেকে যাতে যার যার দায়িত্ব সঠিকভাবে পালন করেন সেদিকে কর্মকর্তার বিশেষ দৃষ্টি রাখতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গৌরনদী, বরিশাল।</td></tr>
</table>

(স্বাক্ষর)

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে চলছে। প্রয়োজনমত জনবল না থাকায় কার্যক্রম বাস্তবায়নে সমস্যা হচ্ছে। | | |
| ২.১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খোলা বাজারে চাউল বিক্রয় কার্যক্রম চলমান আছে। প্রতিদিন ০২ জন ডিলার দিয়া ০২ (দুই) মেট্রিকটন চাউল ০৫ (পাঁচ) কেজি হারে যেকোন জনগন ক্রয় করতে পারবেন। শুক্রবার ও শনিবার বন্ধ থাকবে। | দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক গৌরনদী, বরিশাল। |
| | | | | |
| ২.১৭ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জাহানারা পারভীন সভায় **কেন্দ্র** জানান যে, তার দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ (WTC) এর প্রশিক্ষণ কেন্দ্রটি ব্যবহারের অযোগ্য হয়ে পরেছে। প্রশিক্ষণ কেন্দ্রের জানালা, দরজা এবং উপরের চালার টিন ভেঙ্গে গিয়েছে। তাই সেখানে এখন প্রশিক্ষণ দেয়া যাচ্ছে না। প্রশিক্ষণ কেন্দ্রটি জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। এজন্য মন্ত্রণালয় থেকে বরাদ্দ পাওয়া জরুরী হয়ে পরেছে। অতেএব প্রশিক্ষণ কেন্দ্রটি সংস্কারের জন্য মন্ত্রণালয়ে বরাদ্দ চাওয়া যেতেপারে। ২০২৫-২০২৬ চক্রের নতুন উপকারভোগীদের কার্ড ও চাল বিতরণ কার্যক্রম চলমান। ঋণ বিতণ কার্যক্রম প্রক্রিয়াধীন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তাঁর দাপ্তরিক সকল কার্যক্রমকে সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে। প্রশিক্ষণ কেন্দ্র সংস্কারের জন্য প্রাক্কলন প্রস্তুর করে মন্ত্রণালয়ে বরাদ্দ চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গৌরনদী বরিশাল। |
| ২.১৮ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান যে, চলতী অর্থবছরে এ পর্যন্ত ৪,৩৫,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৭%। বিপুল পরিশাণ টাকা খেলাফি হয়ে মাঠে পড়ে আছে। খেলাফী টাকা আদায়ের জন্য চেষ্টা অব্যাহত আছে। খেলাফী টাকা আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা প্রয়োজন হতে পারে। আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা মোতাবেক খেলাপী টাকা আদায়ের ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে। চলতি অর্থ বছরে ০৬ (ছয়) কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তাকে তাঁর দাপ্তরিক সকল কার্যক্রমকে সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে এবং ঋণ আদায়ের যথাযথ চেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, গৌরনদী বরিশাল। |
| ২.১৯ | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান যে, আমাদের মোট সমিতি ২০৫টি, মোট সদস্য সংখ্যা ৭৬৫২ জন। ঋণ গৃহীত সদস্য সংখ্যা ৩৬০৫ জন। গৌরনদী উপজেলায় মোট ঋণ প্রদান করা হয়েছে ১২,৫৯,০০০/- টাকা। ঋণ আদায় ৭,০৮,০০০/-টাকা। সর্বমোট ঋণ স্থিতি ১,৮২,৬৫,০৮০/- টাকা। | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কর্মকর্তাসহ সকল কর্মচারী বিতরণকৃত ঋণ আদায়ের ব্যাপারে যথাযথ চেষ্টা করতে হবে। | উপজেলা ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কর্মকর্তা, গৌরনদী, বরিশাল। |
| ২.২০ | ইসলামিক ফাউন্ডেশন | গৌরনদী ইসলামী ফাউন্ডেশনের সিনিয়র সুপার ভাইজার সভায় জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ইসলামিক ভাউন্ডেশন গৌরনদী দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সরকারী বিভিন্ন ম্যাসেজ জনসাধারনের সতর্ক করার লক্ষ্যে উপজেলার সকল মসজিদে বার্তা পৌছানো চলমান আছে। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নারী নির্যাতনকারীদেরকে শাস্তির বিষয় সভা চলমান আছে। | ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক এর বিষয় (কুফল সম্পর্কে) জুমআর খুতবায় আলোচনা অব্যাহত রাখতে হবে। | সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন গৌরনদী, বরিশাল। |
| ২.২১ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর কর্মকর্তা সভায় জানান যে, স্যারের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের সকল দাপ্তরিক কাজকর্ম সঠিকভাবে চলছে। কোথাও কোন সমস্যা নাই। | অফিসের দাপ্তরিক সকল কাজকর্ম যথারীতি সঠিকভাবে পরিচালনার জন্য সকলকে দায়িত্ব পালন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গৌরনদী, বরিশাল। |
| ২.২২ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) | উপজেলা কৃষি উন্নয়ন কর্পোরেশন কর্মকর্তা (বিএডিসি) সভায় জানান যে, বরিশাল, ভোলা, ঝালকাঠি ও পিরোজপুর জেলা সেচ প্রকল্পের আওতায় উপজেলার বাটাজোর, মাহিলাড়া, সরিকল ও বার্থী ইউনিয়নে ০৪টি খাল (মোট ১০.৫ কি:মি) পুন:খননের কাজ চলমান রয়েছে। এছাড়াও ১ ও ২ কিউসেক ভূগর্ভস্থ সেচ নালার কাজ চলমান রয়েছে ০৬ টি (প্রতিটি ১২০০ | দাপ্তরিক সকল কাজকর্ম যথারীতি সঠিকভাবে পরিচালনার জন্য সকলকে একসাথে দায়িত্ব পালন করতে হবে। | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন কর্মকর্তা (বিএডিসি) গৌরনদী বরিশাল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মিটার) এর মধ্যে ০১টি সৌরচালিত এল এল পি ও ০৫টি বিদ্যুৎ চালিত এল এল পি। | | |
| ২.২৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানায় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে গৌরনদী উপজেলায় অচ্ছল প্রতিবন্ধী ভাতার নতুন বরাদ্দ পাওয়া গেছে ৩৯৫টি কিন্তু আবেদন পাওয়া গেছে ৩৫৫টি<br>ফলে আবেদন পাওয়া সকল সকল ব্যক্তিই ভাতা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হয়েছে ভাতা প্রদান কমিটিতে। বাকী বরাদ্দ পাওয়া ভাতা গুলো পরবর্তীতে আবেদন প্রাপ্তির ভিত্তিতে বিতরণ করা হবে মর্মে ভাতা কমিটিতে সিদ্ধান্ত গৃহীত হয়। | দাপ্তরিক সকল কাজকর্ম যথারীতি সঠিকভাবে পরিচালনার জন্য সকলকে একসাথে দায়িত্ব পালন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গৌরনদী বরিশাল। |
| ২.২৪ | উপজেলা বন কর্মকর্তার কার্যালয় | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সন্তোষজনক আছে। | উপজেলা বন কর্মকর্তার দাপ্তরিক সকল কার্যক্রম সঠিকভাবে পরিচালিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, গৌরনদী, বরিশাল। |
| ২.২৫ | উপজেলা পাট কর্মকর্তার কার্যালয় | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২২০০ জনকে বিনামূল্যে জন প্রতি ১ কেজি পাটবীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম এর বীজ সকল ইউনিয়ন পরিষদ ও উপসহকারী কৃষি কর্মকর্তার সহায়তার মাধ্যমে পাটবীজ বিতরণ কার্যক্রম প্রায় সম্পন্ন। শুধুমাত্র পৌরসভা বিতরণ এ সপ্তাহে শেষ হতে পারে। রাসায়নিক সার এখনও বাকি রয়েছে। এ বছর ৭৫ জন পাট চাষীকে প্রশিক্ষণ প্রদান করবেন পাট অধিদপ্তর। এছাড়া দপ্তরের অন্যান্য সকল সন্তোষজনক আছে।সন্তোষজনক আছে। | অফিসের দাপ্তরিক অন্যান্য সকল কাজ যথারীতি সঠিকভাবে পরিচালনার জন্য সকলকে দায়িত্ব পালন করতে হবে। | উপজেলা পাট কর্মকর্তা গৌরনদী, বরিশাল। |
| ২.২৬ | গ্রাম-আদালত সংক্রান্ত তথ্য | চেয়ারম্যানগণ গ্রাম আদালত কর্যক্রম পরিচালনায় অধিকতর আন্তরিক হওয়ার জন্য অনুরোধ কার যেতে পারে।<br>চেয়ারম্যানগণ যাতে গ্রাম আদালতের কার্যক্রম পরিচালনায় অধিকতর কার্যকরী করার জন্য আন্তরিকতা বৃদ্ধি করার ব্যাপারে পদক্ষেপ নেয়া যেতে পারে।<br>প্রতি ইউনিয়নে গ্রাম আদালতের মামলার নিস্পত্তি করার মাসিক টার্গেট ৫টি। প্রত্যেক ইউনিয়ন পরিষদের মাসিক সভাগুলো যথাযথভাবে হচ্ছে না। যথাযথ নিয়মে মাসিক সভাগুলো পারিচালনা করার ক্ষেত্রে চেয়ারম্যানদের আন্তরিকতা বৃদ্ধি করা প্রয়োজন। | গ্রাম-আদালতের মামলা গ্রহণ ও নিস্পত্তির ক্ষেত্রে প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানদের এবং পেশকার হিসেবে হিসাব সহকারীদের গুরুত্বসহকারে মামলা গ্রহণ ও নিস্পত্তি করতে হবে এবং মাসিক সভাগুলো নিয়মিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | গ্রাম আদালতের সমন্বয়কারী, চেয়ারম্যা উপজেলার সকল ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল। |
| ২.২৭ | স্ট্যান্ডিং কমিটির সভা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের ১৭টি উপজেলা কমিটির (স্ট্যান্ডিং কমিটির) সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে নিয়মিত আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব প্রতি ২ (দুই) মাসে একটি সভা সম্পন্ন করার পরে সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব। |
| ২.২৮ | জন্ম-মৃত্যু নিবন্ধন অগ্রগতিঃ সভায় গৌরনদী উপজেলার জুলাই/২০২৫ মাসের জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়ঃ | | প্রতি মাসের ১ তারিখ অথবা ১ তারিখ বন্ধ থাকলে অবশ্যই ২ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান এবং সচি ইউনিয়ন পরিষদ (সকল) এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ। |

**জন্ম নিবন্ধন তথ্য**

| আবেদন প্রাপ্তির সংখ্যা | জন্ম নিবন্ধন সংখ্যা | | | | মোট নিবন্ধন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | জন্মের ৪৫ দিনের মধ্যে | ৪৬দিন থেকে ১ বছর | ১ থেকে ৬ বছর | ৬ বছরের উর্ধে | |
| ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| খাঞ্জাপুর | ২১ | ৩০ | ২৯ | ১৪৪ | ২২৪ |
| বার্থী | ১৯ | ২৮ | ২১ | ৮২ | ১৫০ |
| চাঁদশী | ১২ | ০৬ | ১৩ | ০৪ | ৩৫ |
| মাহিলাড় া | ১১ | ০৯ | ০৮ | ৩৯ | ৬৭ |
| নলচিড়া | ৩৭ | ৮৩ | ৬৫ | ১০৮ | ২৯৩ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাটাজোর | ৪৩ | ০৮ | ১৩ | ৬৮ | ১৩২ |
| সরিকল | ২৬ | ১১ | ৫০ | ৭০ | ১৫৭ |
| | ১৬৯ | ১৭৫ | ১৯৯ | ৫১৫ | ১০৫৮ |

| মৃত্যু নিবন্ধন তথ্য | | | | |
|---|---|---|---|---|
| আবেদন প্রাপ্তির সংখ্যা | মৃত্যুর ৪৫দিনের মধ্যে | মৃত্যুর ৪৫দিন পর | মোট মৃত্যু নিবন্ধন | জনসংখ্যা অনুযায়ী মোট মৃত্যুর সংখ্যা |
| ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১৯ | ১৩ | ০৬ | ১৯ | - |
| ২০ | ১৭ | ০৩ | ২০ | - |
| ০৪ | ০২ | ০২ | ০৪ | - |
| ১৯ | ০৬ | ১৩ | ১৯ | - |
| ১৩ | ০৭ | ০৬ | ১৩ | - |
| ৬০ | ১১ | ৪৯ | ৬০ | - |
| ২৬ | ১৫ | ১১ | ২৬ | - |
| ১৬১ | ৭১ | ৯০ | ১৬১ | - |

২.২৯

বিবিধঃ (১) ৪নং মাহিলাড়া ইউনিয়নের হাট-বাজার উন্নয়ন খাতের ১৫% টাকা দিয়া মাহিলাড়া বাজারের পানি নিষ্কাসনের জন্য জরুরী ভিত্তিতে ড্রেন নির্মাণ করা প্রয়োজন। এ কাজ করার জন্য প্রায় ৩,৩০,০০০/- টাকার প্রয়োজন হবে। উপজেলা মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক এ ব্যয় হাট-বাজারের উন্নয়ন খাত থেকে করার জন্য অনুমোদন করা যেতে পারে।

(২) উপজেলা পরিষদের কর্মচারীদের থাকার জন্য ডরমেটরীর খাবার ঘরের ফ্লোর টাইলস করা একান্ত আবশ্যক। উক্ত পাকের ঘরের ফ্লোর এ টাইলস করার জন্য মোট ২৫,০০০/- টাকার প্রয়োজন হবে। উপজেলা পরিষদের মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক এ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে।

(৩) উপজেলা পরিষদের কর্মচারীদের থাকার জন্য ডরমেটরীর পাকের ঘরের দরজা ও জানালা মেরামত করার জন্য মোট ২৫,০০০/- টাকার প্রয়োজন হবে। উপজেলা পরিষদের মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক এ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে।

(৪) গৌরনদী উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের চতুর্থ তলার ছাদের দুই পার্শ্বের জরাজীর্ণ টিনের সেড ভবনটিকে ঝড় বৃষ্টির প্রকোপ থেকে রক্ষার্থে নির্মানাধীন EDC ভবনের ঠিকাদার কর্তৃক মেরামত করে পঞ্চম তলায় স্থানান্তর করা হয়। এজন্য আনুমানিক ৮০,০০০/- (আশি হাজার) টাকার প্রয়োজন হবে। উপজেলা পরিষদের মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক এ ব্যয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে নির্বাহ করা যেতে পারে।

(৫) গৌরনদী উপজেলা পরিষদের বিভিন্ন কক্ষের সংস্কার, রং করণ, এবং টাইলস করণ কাজের জন্য মোট ৩,০০,০০০/- টাকার প্রয়োজন হবে। উপজেলা পরিষদের মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক এ ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল (UDF) হতে নির্বাহ করা যেতে পারে।

(৬) ০৭নং সরিকল ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের বেতগর্ভ বালী বাড়ির ব্রীজ হইতে খোকন খার বাড়ি পর্যন্ত রাস্তা সলিং কাজের জন্য প্রায় ৩,০০,০০০/- টাকার প্রয়োজন হবে। উপজেলা পরিষদের মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক আইন ও বিধি অনুযায়ী এ ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল (UDF) হতে নির্বাহ করা যেতে পারে।

(৭) ০৭নং সরিকল ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের দক্ষিণ আধুনা শাহাবুদ্দিনের বাড়ি হইতে নজরুলের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই কাজের জন্য প্রায়

(১) অনুচ্ছেদ ০১নং এর ব্যয় উপজেলা পরিষদের মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক হাট-বাজারের উন্নয়ন খাত ১৫% ইজারালব্ধ অর্থের দ্বারা এ কাজ সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) উপজেলা মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক অনুচ্ছেদ ০২-০৪ নং পর্যন্ত সকল ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) অনুচ্ছেদ ৬ এর ব্যয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) উপজেলা মাসিক সমম্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক অনুচ্ছেদ ০৫-০৭ নং পর্যন্ত উপজেলা উন্নয়ন তহবিল (UDF) হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী ও সংশ্লিষ্ট উপজেলা মাসি সমম্বয় সভার সদস্যবৃন্দ গৌরনদী, বরিশাল।

| | | | |
|---|---|---|---|
| | ৩,০০,০০০/- টাকার প্রয়োজন হবে। উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক আইন ও বিধি অনুযায়ী এ ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল (UDF) হতে নির্বাহ করা যেতে পারে। | | |

31/08-25

প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সমন্বয় কমিটি
গৌরনদী, বরিশাল।

স্মারক নং-০৫.১০.০৬৩২.০০১.০৬.১০০.২৫.৮৪৭
২০২৫

তারিখঃ ৩১ আগস্ট,

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. জেলা প্রশাসক, বরিশাল।
০৪. প্রশাসক, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।
০৫. উপজেলা ..........................................................কর্মকর্তা, গৌরনদী, বরিশাল।
০৭. চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল), গৌরনদী, বরিশাল।

31/08.25

রিফাত আরা মৌরি
উপজেলা নির্বাহী অফিসার
গৌরনদী, বরিশাল।